পৌষ তোদের ডাক দিয়েছে, আয় রে চলে,   আ য় আ য় আয় ।
ডালা যে তার ভরেছে আজ পাকা ফসলে,   মরি   হায়   হায়   হায় ॥
        হাওয়ার নেশায় উঠল মেতে   দিগ্‌বধূরা ধানের ক্ষেতে—
রোদের সোনা ছড়িয়ে পড়ে মাটির আঁচলে,   মরি   হা য়   হা য়   হায় ॥
        মাঠের বাঁশি শুনে শুনে আকাশ খুশি হল ।
        ঘরেতে আজ কে রবে গো,   খোলো   খোলো দুয়ার খোলো ।
        আলোর হাসি উঠল জেগে   ধানের শিষে শিশির লেগে—
ধরার খুশি ধরে না গো, ওই-যে উথলে,   মরি     হা য়   হা য়   হায় ॥

---

Parjaay: Prakriti / Sheet, Taal: Dadra, Style: Bibhas-Baul
Visit www.geetabitan.com for notation and other detail